

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ইলমে হাদীস তার মূল উৎস থেকে গ্রহণ করেনি, তাকে যে হাদীস এই সংশয়ে ফেলে দেয়, হাদীসটি হয়তো আমাদের উল্লেখিত দু'টি হাদীসের বিপরীত, সেই হাদীসের বিবরণ

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ بَعْضَ الْمُسْتَمِعِينَ مِمَّنْ لَمْ يَطْلُبِ الْعِلْمَ مِنْ مَظَانِّهِ أَنَّهُ مُضَادُّ لِلْخَبَرَيْنِ اللذين ذكرناهما

## আরবী

أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبِ قَالَ: حَدَّثِنِي اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنِ الْمِقْدَادِ بْنِ شِهَابٍ عَنْ عَطَاءَ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَدِيِّ بْنِ الْحِيَارِ عَنِ الْمَقْدَادِ بْنِ الْأَسْوَدِ أَنَّهُ أَحْبَرَهُ: أَنَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهِ: أَرَأَيْتَ إِنْ لَقِيتُ رَجُلًا مِنَ الْكُفَّارِ فَقَاتَلَنِي الْأَسْوَدِ أَنَّهُ أَحْبَرَهُ: أَنَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ: إِنْ لَقِيتُ رَجُلًا مِنَ الْكُفَّارِ فَقَاتَلَنِي فَضَرَبَ إِحْدَى يَدَيَّ بِالسَّيْفِ فَقَطَعَهَا ثُمَّ لَاذَ مِنِي بِشِجَرَةٍ وَقَالَ: أَسْلَمْتُ لِلَّهِ أَفَأَقْتُلُهُ بَعْدَ أَنْ قَطَعَهَا ثُمَّ لَانَهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَقْتُلُهُ) قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ قَدْ أَنْ قَالَهَ يَعْدَ أَنْ قَطَعَهَا أَفَأَقْتُلُهُ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَقْتُلُهُ فَإِنْ قَتَلْتُهُ فَإِنْ قَتَلْتُهُ فَإِنْ قَتَلْتُهُ فَإِنْ قَتَلْتُهُ فَإِنَّ لَيَكِ مَنْزِلَتِكَ قَبْلَ أَنْ تَقْتُلُهُ وَأَنْتَ بِمَنْزِلَتِكَ قَبْلُ أَنْ يَقُولَ كَلِمَتَهُ الَّتِي قَالَ) الله عَنْ الله الله عَلْد الله الله عَلْمَ الله عَلْمَ الله الله عَلْمَ الله الله عَنْ الله الله عَلْهُ الله الله عَلْمَ الله الله الله الله عَلْدَاد بْنِ الْأَسْوَدِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 164 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৬৪. মিকদাদ বিন আসওয়াদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই ব্যাপারে আপনার কী অভিমত, আমার যদি কোন কাফির ব্যক্তির সাথে সাক্ষাৎ হয়, অতঃপর সে আমার সাথে লড়াইয়ে লিপ্ত হয় এবং তরবারী দিয়ে আমার এক হাতে আঘাত করে তা কেটে ফেলে দেয়, তারপর সে আমার থেকে বাঁচতে গাছের আড়ালে আশ্রয় নেয় এবং বলে, 'আমি আল্লাহর কাছে আত্মসমর্পণ করলাম' এটা বলার পর আমি কি তাকে হত্যা করতে পারবো?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'তুমি তাকে হত্যা করবে না।' আমি বললাম, 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সে আমার হাত



কেটে ফেলেছে, আমার হাত কাটার পর তারপর সে এমনটা বলেছে, আমি কি তাকে হত্যা করবো না?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'তুমি তাকে হত্যা করবে না। যদি তুমি তাকে হত্যা করো, তবে তুমি তাকে হত্যা করার পূর্বে যে জায়গায় ছিলে, সে সেই জায়গায় পৌঁছে যাবে আর সে এই বাক্য বলার আগে যে জায়গায় ছিল, তুমি সেই জায়গায় পৌঁছে যাবে।'[1]

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَإِنْ قَتَلْتَهُ فَإِنَّهُ بِمَنْزِلَتِكَ قَبْلَ أَنْ تَقْتُلَهُ) يُرِيدُ بِهِ: أَنَّكَ تُقْتَلُ قَوَدًا لِأَنَّهُ كَانَ قَبْلَ أَنْ أَسْلَمَ حَلَالَ الدَّمِ وَإِذَا قَتَلْتَهُ بَعْدَ إِسْلَامِهِ صِرْتَ بِحَالَةٍ تُقْتَلُ مِثْلَهُ قَوَدًا بِهِ لَا أَنَّ قَتْلَ الْقَتْلَ عَلْكُم الْقِصَاصُ فِي الْقَتْلَى} [البقرة: اللَّهُ قَالَ: {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلَى} [البقرة: 178].

আবু হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ভাষ্য: 'তুমি তাকে হত্যা করবে না। যদি তুমি তাকে হত্যা করো, তবে তুমি তাকে হত্যা করার পূর্বে যে জায়গায় ছিলে, সে সেই জায়গায় পৌঁছে যাবে আর সে এই বাক্য বলার আগে যে জায়গায় ছিল, তুমি সেই জায়গায় পৌঁছে যাবে।' –এর দ্বারা উদ্দেশ্য হলো তাহলে কিসাস স্বরূপ তোমাকে হত্যা করা হবে। কারণ ইসলাম গ্রহণ করার পর তার রক্ত বৈধ ছিল, যদি তুমি তাকে ইসলাম গ্রহণ করার পর হত্যা করো, তাহলে তুমি এমন অবস্থায় পরিণত হবে যে, কিসাস স্বরূপ তার মত তোমাকেও হত্যা করা হবে। হাদীসের উদ্দেশ্য এটা নয় যে, কোন মুসলিমকে হত্যা করা এমন কুফর যা মানুষকে ইসলাম থেকে বের করে দেয়। কারণ আল্লাহ বলেছেন: 'হে ঈমানদারগণ, নিহত ব্যক্তিদের ক্ষেত্রে তোমাদের উপর কিসাসকে ফর্য করা হয়েছে।' (সুরা আল বাকারা: ১৭৮।)

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৭৬৫; সহীহ মুসলিম: ৯৫; আবু দা্উদ: ২৬৪৪; নাসাঈ: ৮/৫০৩; মুসনাদ আহমাদ: ৬/৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১২৬। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আবু দাউদ: ২৩৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন